# কাতলাপুর প্রি-ক্যাডেট স্কুল

**শ্রেণি-দ্বিতীয়**

**স্থাপিতঃ ১৯৯৯**

মোবাইল+ viber:- ০১৭১৬৮১৯৮০৯ E-mail:katlapurpcs@gmail.com

face book page: katlapur pre-cadet school. www.katlapurprecadet.com


## ২য় সেমিস্টার পরীক্ষার পাঠ পরিকল্পনা -২০২২

**বাংলা-৭৫**

**▣ ছয় ঋতুর দেশ, মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা, কাজের আনন্দ।**

**১। ছড়াঃ কাজের আনন্দ। ৮ লাইন ( কবির নাম সহ )**

**২। শব্দার্থঃ**

| | | | |
|---|---|---|---|
| রুপ- শোভা। | রুপালি-রুপার মত। | মুক্তিসেনা- স্বাধীনতার জন্য যে লড়াই করে। | সুন্দর-ভালো,উত্তম। |
| জানমাল-জীবন ও জিনিসপত্র। | প্রচন্ড- ভয়ানক। | সন্ধ্যা-দিন ও রাতের মিল হয় যে সময়ে। | |
| উৎসব-আনন্দের অনুষ্ঠান। | সপ্তাহ- সাত দিন। | মুক্তিযুদ্ধ- দেশকে স্বাধীন করার লড়াই। | স্বাধীনতা- মুক্তি। |
| ঘাঁটি- সৈন্যদের থাকার জায়গা। | তৃণলতা- ঘাস ও লতা। | শহিদ- মহৎ কাজে যিনি জীবন দেন। | দলবল- দলের সবাই। |
| আহরণ- জোগাড়। | কিচিমিচি- পাখির ডাক। | গাঢ়- ঘন,জমাট বাঁধা। | |

**৩। খালিঘরঃ**

ক. কারো .............. করা ভালো নয়। ( ক্ষতি)

খ. ................ আগেই বাড়ি ফিরে আসব। ( সন্ধ্যার)

গ. গোলাপ খুব ........... ফুল। ( সুন্দর )

ঘ. বন্যায় ................ ক্ষতি হয়। ( জানমালের)

ঙ. হেমন্তকালে ............. উৎসব হয়। ( নবান্ন)

চ. বাংলাদেশে এককে ঋতুতে এককে ......... দেখা যায়। ( রূপ)

ছ. শরৎ ঋতুতে আকাশে ................. মেঘ ভেসে বেড়ায়। ( সাদা)

জ. হেমন্ত ঋতুতে একটু একটু করে ............ পড়তে থাকে। ( শীত)

ঝ. মুক্তিসেনারা ............ বিপদ মোকাবিলা করলেন। ( কৌশলে)

ঞ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে অনেকে ........ হয়েছেন। ( শহিদ)

ট. ১৯৭১ সালে এ দেশে ........... হয়েছিল। ( মুক্তিযুদ্ধ)

ঠ. মুক্তিযুদ্ধের সময় দেশের জন্য অনেক মানুষ ......... দিয়েছেন। ( জীবন)

ড. ............. পিছু হটতে শুরু করল। (শত্রু)

ঢ. পাখি ........... দিয়ে বাসা বানায়। ( তৃণলতা)

ণ. মৌমাছি ফুল থেকে মধু .............. করে। ( আহরণ)

ত. পিঁপড়া .................... করে চলে। ( পিলপিল)

থ. মেয়েরা ............. নিয়ে হাজির হলো। ( দলবল)

৪। যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে শব্দ তৈরি করি।

| | | | |
|---|---|---|---|
| শ্চ - শ+চ = পশ্চিম। | ন্ড - ন+ড = প্রচন্ড। | দ্র - দ +্র = ভাদ্র। | শ্ব - শ+ব = আশ্বিন। |
| ল্গ - ল+গ = ফাল্গুন। | ঙ্গ - ঙ+গ = বঙ্গ। | ন্ধ - ন+ধ = বন্ধ। | ক্ত - ক+ত = রক্ত। |
| দ্ধ - দ + ধ = যুদ্ধ। | স্ত - স+ত = সস্তা। | তৃ - ত +ৃ = তৃণ। | ঞ্চ - ঞ + চ = সঞ্চয়। |

দ্বিতীয় সেমিস্টার পরীক্ষার সম্ভাব্য তারিখঃ ১৪/৯/২২

প্রতি চলতি মাসের বেতন ১-১০ তারিখের মধ্যে পরিশোধ করুন।

KATLAPUR PRE-CADET SCHOOL

৫। প্রশ্নঃ

## ছয় ঋতুর দেশ

**১. আমাদের দেশে কয়টি ঋতু? ঋতু গুলির নাম লেখ?**

উত্তরঃ আমাদের দেশে ছয়টি ঋতু। ঋতুগুলির নাম হলো: গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত।

**২. কোন কোন মাস নিয়ে বসন্ত ঋতু?**

উত্তরঃ ফাল্গুন ও চৈত্র মাস নিয়ে বসন্ত ঋতু। বসন্তকে ঋতু রাজ বলা হয়।

**৩. কোন কোন মাস নিয়ে বর্ষা ঋতু?**

উত্তরঃ আষাঢ় ও শ্রাবণ মাস নিয়ে বর্ষা ঋতু। এসময় আকাশে ঘন কালো মেঘের আনাগোনা থাকে।

**৪. কত দিনে এক সপ্তাহ? সপ্তাহের নাম গুলো লেখ।**

উত্তরঃ সাত দিনে এক সপ্তাহ। শনিবার, রবিবার, সোমবার, মঙ্গলবার, বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবার।

**৫. কত দিনে এক মাস?**

উত্তরঃ সাধারণত ত্রিশ দিনে এক মাস। কোন কোন মাস ৩১ দিনে আবার ২৮ দিনেও হয়।

**৬. কোন কোন মাস নিয়ে শীত ঋতু? এসময় কিসের ধুম পড়ে যায়?**

উত্তরঃ পৌষ ও মাঘ মাস নিয়ে শীত ঋতু। এ সময় পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায়।

**৭. কত মাসে বছর? বাংলামাসের নাম গুলো লেখ?**

উত্তরঃ বার মাসে হয় এক বছর। মাসগুলোর নাম- বৈশাখ,জ্যৈষ্ঠ,আষাঢ়,শ্রাবণ,ভাদ্র,আশ্বিন,কার্তিক,অগ্রহায়ণ, পৌষ,মাঘ,ফাল্গুন,চৈত্র।

**৮. তোমার প্রিয় ঋতু কোনটি? তোমার প্রিয় ঋতু সম্পর্কে ৩টি বাক্য লিখ। ( তোমার যে ঋতু প্রিয় সে ঋতু সম্পর্কে তুমি লেখতে পার)**

উত্তরঃ আমার প্রিয় ঋতু বসন্ত। বসন্তকে ঋতুর রাজা বলা হয়। এ সময় প্রকৃতি নতুন রূপে সাজে। গাছে গাছে নানা ফুল ফোটে। এ সময় কোকিল মিষ্টি সুরে গান গায়।

## মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা

**১. কে মুক্তিযুদ্ধের ডাক দিলেন?**

উত্তরঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মুক্তিযুদ্ধের ডাক দিলেন।

**২. মুক্তিযোদ্ধারা কোথায় ঘাঁটি গেড়েছিলেন?**

উত্তরঃ জঙ্গলে ঘেরা একটি পুরনো জমিদার বাড়িতে একদল মুক্তিযোদ্ধা ঘাঁটি গেড়েছিলেন।

**৩. মুক্তিসেনারা কেন পিছু হটতে চাইলেন না?**

উত্তরঃ ঘাঁটির পেছনে রয়েছে একটি বড় গ্রাম। সেখানে অনেক মানুষের বাস। পিছু হটে গেলে শত্রুরা সহজেই সেদিকে এগিয়ে যাবে এবং গ্রামটি ধ্বংস করবে। গ্রামটি রক্ষার কথা ভেবে মুক্তিসেনারা পিছু হটতে চাইলেন না।

**৪. গ্রামটি কীভাবে রক্ষা পেল?**

উত্তরঃ মুক্তিসেনাদের বুদ্ধি ও সাহসের ফলে শত্রুরা পিছু হটল। এভাবে গ্রামটি রক্ষা পেল।

## কাজের আনন্দ

**১. মৌমাছি কোথায় যাচ্ছে?**

উত্তরঃ নবকৃষ্ণ ভট্টাচার্যের 'কাজের আনন্দ' কবিতার মৌমাছি মধু আহরণের জন্য বনে যাচ্ছে।

**২. মৌমাছি কী কাজ করে?**

উত্তরঃ সারাদিন মৌমাছি ফুলে ফুলে ঘুরে বেড়ায় এবং ফুল থেকে মধু আহরণ করে এটাই মৌমাছির কাজ।

**৩. পাখি তৃণ লতা আনে কেন?**

উত্তরঃ নিজের বাসা বোনার জন্য পাখি তৃণলতা আনে।

**৪. পিপীলিকা কী সঞ্চয় করে?**

উত্তরঃ পিপীলিকা শীতের জন্য খাদ্য সঞ্চয় করে।

KATLAPUR PRE-CADET SCHOOL

** বাক্য সংকোচন ঃ

দেশকে স্বাধীন করার লড়াই- মুক্তিযুদ্ধ।

মধু সংগ্রহকারী পতঙ্গ বিশেষ - মৌমাছি।

যাঁর অনেক দয়া - রহিম।

অনেক লোভ যার - লোভী।

ভালো কাজের রাস্তা - সৎপথ।

দিন ও রাতের মিল হয় যে সময়ে- সন্ধা।

সূর্যকে আদর করে ডাকা হয় - সুর্য্যি মামা।

জলের ধারা - স্রোত।

হাঁটু সমান পানি- হাঁটুজল।

স্বাধীনতার জন্য যে লড়াই করে- মুক্তিসেনা।

করুনা ময় আল্লাহ- রহমান।

রুপার মতো- রুপালি।

মহৎ কাজে যিনি জীবন দেন- শহিদ।

কাজে ও কথায় সৎ থাকা - সততা।

আগুনের তাপে রান্না করা - সিদ্ধ।

খুব মধুর সুর- সুরেলা।

চিৎকার করে ডাকা-হাঁক।

KATLAPUR PRE-CADET SCHOOL

**English 1st -75**

📖 English For Today : পাতা ৪৬ পাতা থেকে ৫৪ পাতা পর্যন্ত। (অর্থ সহকারে রিডিং)

**Word meaning:**

| English For Today | | | | | |
|---|---|---|---|---|---|
| **Word** | **Meaning** | **Word** | **Meaning** | **Word** | **Meaning** |
| Idea | ধারণা | Kite | ঘুড়ি | Mango | আম |
| Igloo | বরফের ঘর | Knee | হাঁটু | Mat | মাদুর |
| Indigo | বেগুনি নীলবর্ণ | Know | জানা | Monday | সোমবার |
| Inside | ভিতরে | Law | আইন | Money | টাকা |
| Introduction | ভূমিকা | Leg | পা | Monkey | বানর |
| It | ইহা | like | পছন্দ | Morning | সকাল |
| Is | হয় | Lion | সিংহ | Mouth | মুখ |
| In | মধ্যে | Listen | শোনো | Me | আমাকে |
| Introduce | পরিচয় করিয়ে দেওয়া | Lesson | পাঠ | Many | অনেক |
| In order | ঠিকঠাক | Look at | তাকানো | Match | দিয়াশলাই |
| Information | তথ্য | Last | শেষ | Missing | নিখোঁজ |
| Jar | কলস | Letter | চিঠি | My | আমার |
| Jeep | ছোট গাড়ি | Life | জীবন | Miss | তরুণী |
| Join | যোগদান করা | Lable | স্থির | Model | নকশা |
| Kill | হত্যা করা | Man | মানুষ | Moral | নৈতিক |

**Make Sentence:**

| | |
|---|---|
| Mango- I like ripe mango. | Window- Mina opens the window. |
| Ugly- This crow is ugly. | Nurse - My mother is a nurse. |
| Stronger- The tiger is stronger than the bear. | Driver- He is a driver. |
| Cheap-The green mango is cheap. | Shop- Sumon is in the shop. |
| Door- The door is closed. | Farmer- Siraj is a farmer. |

## ** Poem. 'Rain bow'

## Questions.

| | |
|---|---|
| a. Who is the girl? | Ans: Kaniz is the girl. |
| b. What does Kaniz have for breakfast? | Ans: She has eggs and mangos for breakfast. |
| c. Who is Kaniz teacher? | Ans: Her teacher is Mariam. |
| d. Who are her friends? | Ans: Sujon and Joya are her friends. |
| e. Who is the woman? | Ans: Anita is the woman. |
| f. When does she get up? | Ans: She gets up early in the morning. |
| g. What does she do for her family? | Ans: She cooks breakfast for her family. |
| h. Where does she go after breakfast? | Ans: After breakfast, she goes to school. |
| j. What does she do? | Ans: She is a teacher. |
| k. Who will eat an orange? | Ans: Tanisha will eat an orange. |
| l. Who will go to school? | Ans: Apon will go to school. |
| m. What is the name of our country? | Ans: The name of our country is Bangladesh. |
| n. What is the name of our national flower? | Ans:The name of our national flower is water-lily. |

## ** Do English :

| | | | |
|---|---|---|---|
| সে একজন ডাক্তার। | He is a doctor. | বলটি কোথায়? | Where is the ball? |
| সে একজন চালক। | He is a driver. | আমি সকালে উঠি। | I get up in the morning. |
| সে একজন মালী। | He is a gardener. | আমি আমার মুখ ধুই। | I wash my face. |
| সে ধান কাটছে। | He is cutting paddy. | আমি আমার দাঁত মাজি। | I brush my teeth. |
| সে একজন দোকানদার। | He is a shop-keeper. | আমি বিদ্যালয়ে যাই। | I go to school. |

## ** Do Bangla:

| | |
|---|---|
| This is dangerous. | ইহা হয় বিপজ্জনক। |
| The mango is cheaper than the orange. | আম হয় কমলার চেয়ে কম দামের। |
| This man is ugly. | এই লোকটি হয় কুৎসিত। |
| A car is faster than a rickshaw. | একটি গাড়ি কিরশার চেয়ে দ্রুত। |
| I do my homework. | আমি আমার বাড়ির কাজ করি। |
| I play with my friends. | আমি আমার বন্ধুদের সাথে খেলা করি। |
| I read an watch TV. | আমি পড়ি এবং টিভি দেখি। |
| I brush my teeth and go to bed. | আমি দাঁত ব্রাশ করে বিছানায় যাই। |
| Tanisha is happy. | তানিশা হয় খুশি। |

➤ **Word** কাকে বলে?

**Ans** : এক বা একাধিক বর্ণ মিলিত হয়ে যখন কোন অর্থ প্রকাশ করে, তখন তাকে **Word** বা **শব্দ** বলে। যথা : P+e+n= Pen।

KATLAPUR PRE-CADET SCHOOL

➢ **Sentence** কাকে বলে?

**Ans** : এক বা একাধিক শব্দ পাশাপাশি বসে যদি সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করে, তখন তাকে **Sentence** বা **বাক্য** বলে। যথা : I go to school.

◈ **Letter কাকে বলে?**

**Ans:** Letter অর্থ বর্ণ। ভাষাকে লিখে প্রকাশ করতে যে সকল চিহ্ন ব্যবহার করা হয় তাদের **Letter** বা **বর্ণ** বলে। যেমন : A, B, C..... ইত্যাদি।

◈ **Language কাকে বলে?**

**Ans: মানুষ যা বলে বা লিখে অন্যের কাছে মনের ভাব প্রকাশ করে তাকে Language বা ভাষা বলে।**
**যেমন: My name is Kamal.**

## গণিত-৭৫

১। কাথায় + অঙ্কেলেখঃ **৭১ থেকে ১০০ পর্যন্ত।** ২। কথায় + অঙ্কে লেখঃ **71** থেকে **100** পর্যন্ত।

৩। যোগ,বিয়োগ,গুণ,ভাগঃ পাতা- ৯৩ ৪। ডাকের অংক ঃ **পাতা- ৬১, ৬৩,৬৬,৬৯,৭২।**

| | |
|---|---|
| ৮ জন শিশু কাগজ পায় ৪৮ টি<br>∴ ১ জন শিশু কাগজ পায় (৪৮ ÷ ৮) টি<br>= ৬ টি<br>উত্তর: প্রত্যেক শিশু ৬টি করে কাগজ পাবে। | ৭ জনে পায় ৬৩ টাকা<br>∴ ১ জনে পায় ( ৬৩ ÷৭) টাকা<br>= ৯ টাকা।<br>উত্তর: প্রত্যেকে ৯ টাকা করে পাবে। |
| ৮ টি লিচু পায় ১ জন শিশু<br>∴ ৩২ টি লিচু পাবে ( ৩২÷ ৮) জন<br>= ৪ জন।<br>উত্তর: ৪ জন শিশুকে লিচু দেওয়া হয়ছে। | ৫টি খাতা পুরুস্কার দেওয়া হয় ১ জন শিক্ষার্থীকে<br>∴ ৪৫ টি খাতা পুরস্কার দেওয়া যাবে (৪৫÷৫) ”<br>= ৯ জন।<br>উত্তর: ৯ জন শিক্ষার্থী পুরস্কার পাবে। |
| ২ জনকে আম দেওয়া হলো ৮টি<br>∴ ১ জন আম পাবে ( ৮÷ ২) টি<br>= ৪ টি<br>উত্তর: প্রত্যেকে ৪টি করে আম পাবে। | ৪ জনকে লজেন্স দেওয়া হলো ২৪ টি<br>∴ ১ জনে লজেন্স পাবে (২৪ ÷ ৪) টি<br>= ৬ টি<br>উত্তর: প্রত্যেকে ৬টি করে লজেন্স পাবে। |
| ৩ জনকে দেওয়া হলো ২৭ টাকা<br>∴ ১ জনে পাবে ( ২৭÷ ৩ ) টাকা<br>= ৯ টাকা<br>উত্তর: প্রত্যেকে ৯ টাকা করে পাবে। | ৫ জন বসতে পারে ১ টি বেঞ্চে<br>∴ ৪৫ জনের জন্য বেঞ্চ প্রয়োজন হবে ( ৪৫÷ ৫) টি<br>= ৯ টি<br>উত্তর: ৯ টি বেঞ্চ প্রয়োজন হবে। |

KATLAPUR PRE-CADET SCHOOL

৫। নামতাঃ **৭,৮** এর ঘরের।

। জ্যামিতিঃ সরলরেখা, বক্ররেখা, বিন্দু, কোণ ।

**ক. রেখা কাকে বলে?**

উত্তরঃ বিন্দু চলার পথকে রেখা বলে।

ক ———————————— খ

পরিচিতিঃ চিত্রে ক খ একটি রেখা।

**খ. সরল রেখা কাকে বলে?**

উত্তরঃ যে রেখা চলার পথে দিক পরিবর্তন করেনা, তাকে সরল রেখা বলে।

ক ———————————— খ

পরিচিতিঃ চিত্রে ক খ একটি সরল রেখা।

**গ. বক্ররেখা কাকে বলে?**


উত্তরঃ যে রেখা চলার পথে দিক পরিবর্তন করে, তাকে বক্ররেখা বলে।




পরিচিতিঃ চিত্রে ক খ একটি বক্র রেখা।

**ঘ. বিন্দু কাকে বলে?**

উত্তরঃ যার দৈর্ঘ্য, প্রস্থ,বেধ বা উচ্চতা কিছুই নেই,শুধুমাত্র অবস্থান আছে, তাকে বিন্দু বলে।




পরিচিতিঃ চিত্রে বৃত্তের অভ্যন্তরে **ক** একটি বিন্দু।

**সাঃ জ্ঞান-৩৫**

১. শিরা কি? উত্তর: যে নালি দ্বারা রক্ত চলাচল করে তাই শিরা।

২. মানুষের রাতকানা রোগ কেন হয়? উত্তর: ভিটামিন ‘এ’ এর অভাবে।

৩. সূর্যের আলো থেকে আমরা কোন ভিটামিন পাই? উত্তর: ভিটামিন ‘ডি’ পাই।

৪. ফুসফুসের কাজ কি? উত্তর: ফুসফুসের কাজ শ্বাস-প্রশ্বাস চালানো।

৫. কোন গাছের পাতা থেকে গাছ জন্মে? উত্তর: পাথরকুচি গাছ।

৬. কোন গাছের পাতা ছোঁয়া পেলেই বন্ধ হয়ে যায়? উত্তর: লজ্জাবতী গাছের পাতা।

KATLAPUR PRE-CADET SCHOOL

৭. পরগাছা কাকে বলে? উত্তর: যে গাছ অন্য গাছের উপর জন্মে তাকে পরগাছা বলে।

৮. প্রটিন জাতীয় খাদ্যের প্রধান কাজ কি? উত্তর: দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধন করা।

৯. চামড়ার কাজ কি? উত্তর: দেহের তাপ রক্ষায় সহায়তা করা।

১০. গলগন্ড রোগ কেন হয়? উত্তর: আয়োডিন-এর অভাব হলে।

১১. বাংলাদেশের কয়েকটি বড় বড় নদীর নাম লেখ? উত্তর: পদ্মা, মেঘনা, যমুনা, সুরমা, কর্ণফুলি।

১২. বাংলাদেশের বিভাগ গুলোর নাম লেখ? উত্তর: ঢাকা, চট্টগ্রাম,রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ।

## ইসলাম ধর্ম - ৩৫

১. ইসলাম ধর্মের মূল ভিত্তি কয়টি ও কী কী?

উত্তর: ইসলাম ধর্মের মূল ভিত্তি পাঁচটি। কালেমা, নামাজ, রোযা, হজ্জ, যাকাত।

২. কী বলে আমরা পড়া শুরু করবো? উত্তর:রাব্বি জিদনী ইলমা বলে পড়া শুরু করবো।

৩. হযরত মুহাম্মদ (স.) কখন কোথায় জন্মগ্রহণ করেন? উত্তর: হযরত মুহাম্মদ (স.) ৫৭০ খ্রিস্টাব্দে মক্কা নগরীর কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন।

৪. হিজরত কাকে বলে? উত্তর: মহানবী (স.) মক্কা থেকে মদীনায় যাওয়াকে হিজরত বলে।

৫. কুরআন মাজীদ কোন ফেরেশতার মাধ্যমে অবতীর্ণ হয়? উত্তর: কুরআন মাজীদ হযরত জিব্রাইল (আ.) এর মাধ্যমে অবতীর্ণ য়।

৬. কুরআন মাজীদের কতটি সূরামক্কায় অবতীর্ণ হয়? উত্তর: মক্কায় মোট ৯২ টি সূরা অবতীর্ণ হয়।

৭. কুরআন মাজীদের কতটি সূরা মদীনায় অবতীর্ণ হয়? উত্তর:মদীনায় মোট ২২ টি সূরা অবতীর্ণ হয়।

৮. পাঁচ ওয়াক্ত নামাজ এর নাম লেখ। উত্তর: ফজর, যোহর, আসর, মাগরিব, এশা।

৯. কত বছর বয়সে নামাজ ফরজ হয়? উত্তর: দশ বছর বয়সে নামাজ ফরজ হয়?

১০. হজ্জ কাকে বলে? উত্তর: আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের জন্য ক্বাবাঘর তওয়াফ করাকে হজ্জ বলে।

১১. হজ্জ কখন অনুষ্ঠিত হয়? উত্তর: প্রতি বছর জিলহজ্জ মাসের নয় তারিখে মক্কায় হজ্জ অনুষ্ঠিত হয়।

১২. প্রধান আসমানী কিতাব কতখানা ও কী কী? উত্তর: প্রধান আসমানী কিতাব চারখানা। তাওরাত, যাবুর, ইন্‌জীল, কুরআন মাজীদ।

KATLAPUR PRE-CADET SCHOOL

## সনাতন ধর্ম-৩৫

১. কে আমাদের প্রতিপালন করছেন?

উত্তরঃ ঈশ্বর আমাদের সৃষ্টি করেছেন এবং প্রতিপালন করছেন।

২. ঈশ্বর কোথায় অবস্থান করেন?

উত্তরঃ ঈশ্বর জীবের অন্তরে অবস্থান করেন।

৩. সকল সৃষ্টিকে ভালোবাসলে কী হয়?

উত্তরঃ সকল সৃষ্টিকে ভালোবাসলে ঈশ্বর সন্তুষ্ট হবেন এবং আমাদের মঙ্গল করবেন।

৪. তিন জন দেব-দেবীর নাম লেখ?

উত্তরঃ তিনজন দেব-দেবীর নাম হলো- ব্রক্ষ্মা, বিষ্ণু, শিব।

৫. পূজা কি?

উত্তরঃ পূজা হলো দেব-দেবীর আরাধনা, আর্চনা এবং উপাসনা।

৬. দেবী সরস্বতীকে বীণাপাণী বলা হয় কেন?

উত্তরঃ দেবী সনস্বতীর হাতে বীণা থাকায় তাকে বীণাপাণী বলা হয়।

৭. আমরা দেব-দেবীর পূজা করবো কেন?

উত্তরঃ দেব-দেবীর পূজা করলে দেহ-মন পবিত্র হয়। তাই আমরা দেব-দেবীর পূজা করব।

৮. রাম বনে গিয়েছিলেন কেন?

উত্তরঃ পিতৃসত্য পালনের জন্য রাম বনে গিয়েছিলেন।

৯. রামায়ণ কী? এতে কি আছে?

উত্তরঃ রামায়ন হিন্দুদের একটি ধর্মগ্রন্থ। এতে রামের কাহিনী আছে।

১০. হিন্দুদের ধর্মের নাম কি?

উত্তরঃ হিন্দুদের ধর্মের নাম সনাত ধর্ম এর আরেক নাম হিন্দুধর্ম।

KATLAPUR PRE-CADET SCHOOL